315

দৈনিক জনকণ্ঠ

তারিখ FEB. 5 1999

পৃষ্ঠা ৭ কলাম ৭

## গ্রামের চিঠি

নওগাঁ জেলার মহাদেবপুরের সরকারী ডিগ্রী জাহাঙ্গীরপুর কলেজে শিক্ষক সঙ্কট চলছে। দীর্ঘদিন থেকে ইংরেজীর লেকচারার পদ শূন্য আছে। এ্যাকাউন্টেন্সি শিক্ষক, বাণিজ্যিক ভূগোলের শিক্ষক এবং সংখ্যাতত্ত্বের শিক্ষক নেই। সংখ্যাতত্ত্ব বিষয় খোলা সত্ত্বেও কোন শিক্ষক নেই। এ কলেজটি নওগাঁ জেলার মধ্যে এইচএসসি রেজাল্টের ক্ষেত্রে অনেক অগ্রগামী। ১৯৬৭ সালে কলেজটি প্রতিষ্ঠিত হয় স্থানীয় জমিদার বাড়িতে ও সরকারীকরণ করা হয় ১৯৮৪ সালে। এই কলেজে ছাত্রছাত্রীর সংখ্যা প্রচুর। কিন্তু উপযুক্ত শিক্ষক না থাকায় ছাত্রছাত্রীরা খুবই অসুবিধায় আছে। অন্য শিক্ষকরা ভিন্ন বিষয়ে ক্লাস নিয়ে থাকেন। এ কলেজে স্নাতক শ্রেণীতে ইতিহাস, ভূগোল, মনোবিজ্ঞান, সমাজ বিজ্ঞান চালু করলে ছাত্রদের অনেক উপকার হবে। অনেক বিষয়ে মাত্র একজন করে শিক্ষক আছেন। জরুরীভিত্তিতে শিক্ষক নিয়োগের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কাছে বিনীত নিবেদন জানাই।

–গোলাম জিলানী, মহাদেবপুর, নওগাঁ।